8[2.1.1]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# বার্ষিক প্রতিবেদন

(জুলাই, ২০২৩ - জুন, ২০২৪)

## চট্টগ্রাম মহিলা পলিটেকনিক ইনস্টিটিউট

**উত্তর হালিশহর, চট্টগ্রাম।**

০৮ অক্টোবর, ২০২৪

## প্রকাশকাল

- ০৮ অক্টোবর, ২০২৪

## প্রকাশক

- চট্টগ্রাম মহিলা পলিটেকনিক ইনস্টিটিউট, উত্তর হালিশহর, চট্টগ্রাম-৪২১৬।

## সার্বিক তত্ত্বাবধানে

- মোঃ আমিনুল ইসলাম
  উপাধ্যক্ষ
  টিম লিডার, এপিএ, চট্টগ্রাম মহিলা পলিটেকনিক ইনস্টিটিউট।

## গ্রন্থনা ও ব্যবস্থাপনা

- এ কে এম মুকিবুল হাসান, ইনস্ট্রাক্টর (টেক),
  আহবায়ক, তথ্য অধিকার বিষয়ক কমিটি (২০২৪-২৫)
- আহসানুল করিম, জুনিয়র ইনস্ট্রাক্টর ( নন-টেক), ব্যবস্থাপনা ও
  সদস্য, তথ্য অধিকার বিষয়ক কমিটি (২০২৪-২৫)

## সার্বিক সহযোগিতায়

- রূপন চাকমা, লাইব্রেরিয়ান ও
  ফোকাল পয়েন্ট, এপিএ বাস্তবায়ন কমিটি (২০২৪-২৫)
- মোঃ মেহেদি হাসান, রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত), চট্টগ্রাম মহিলা পলিটেকনিক ইনস্টিটিউট।
- আব্দুল্লাহ আলা মামুন, প্রধান সহকারী, চট্টগ্রাম মহিলা পলিটেকনিক ইনস্টিটিউট।

## বিন্যাস

- রূপন চাকমা, লাইব্রেরিয়ান
  চট্টগ্রাম মহিলা পলিটেকনিক ইনস্টিটিউট।



**মাননীয় প্রধান উপদেষ্টা ড. মোহাম্মদ ইউনূস**



# অধ্যক্ষের বাণী

একবিংশ শতাব্দীর চ্যালেঞ্জ মোকাবেলায় বর্তমানে তথ্য ও প্রযুক্তির গুরুত্ব অপরিসীম। "প্রযুক্তির জন্য এসো, প্রবৃদ্ধির জন্য বেরিয়ে যাও" স্লোগানকে সামনে রেখে কারিগরি শিক্ষার সম্প্রসারণ ও মানোন্নয়নের মাধ্যমে দক্ষ মানব সম্পদ সৃষ্টির লক্ষ্যে এগিয়ে যাচ্ছে দেশ। এরই ধারাবাহিকতায় কারিগরি শিক্ষায় নারীর অংশ**গ্রহণ** নিশ্চিত করার লক্ষ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক স্থাপিত দেশের চারটি সরকারি মহিলা পলিটেকনিক ইনস্টিটিউটের মধ্যে চট্টগ্রাম মহিলা পলিটেকনিক ইনস্টিটিউট অন্যতম। চতুর্থ শিল্প বিপ্লব এর চ্যালেঞ্জ মোকাবেলায় ভূমিকা পালন করে যাচ্ছে অত্র ইনস্টিটিউট। শিক্ষার্থীদের সুনাগরিক হিসাবে গড়ে তুলতে ও মানসিক উন্মেষের জন্য কারিগরি শিক্ষার পাশাপাশি সাহিত্য ও সংস্কৃতি চর্চা , নৈতিকতা ও মূল্যবোধের চর্চা, শরীরচর্চা সহ বিভিন্ন সহশিক্ষা কার্যক্রম পরিচালনা করে আসছে এই প্রতিষ্ঠান।

আমি বিশ্বাস করি কারিগরি শিক্ষা একটি জাতিকে যেমন উন্নতির চরম শিখরে পৌছাতে সাহায্য করে, ঠিক তেমনি একজন সৎ, দক্ষ, আদর্শবান মানুষ ও সুনাগরিক হিসাবে গড়ে তোলে । প্রযুক্তিগত মানোন্নয়নে এই প্রকৌশল প্রতিষ্ঠানের উত্তরোত্তর সাফল্য কামনা করছি।



**মোঃ মোসাদ্দেকুল বারী**
অধ্যক্ষ (অতিরিক্ত দায়িত্ব)
চট্টগ্রাম মহিলা পলিটেকনিক ইনস্টিটিউট।

**একনজরে প্রতিষ্ঠানের তথ্যঃ**

- প্রতিষ্ঠানের নাম : চট্টগ্রাম মহিলা পলিটেকনিক ইনস্টিটিউট
- ঠিকানা : উত্তর হালিশহর, চট্টগ্রাম-৪২১৬।
- ফোন : +৮৮০৩১২৫১২০৭৪
- ই-মেইল : cmpi10@yahoo.com
- ওয়েব : www.cmpi.polytech.gov.bd
- প্রতিষ্ঠাকাল : ২০০৫ খ্রি.
- আয়তন : ৩.৬ একর (প্রায়)
- প্রতিষ্ঠানের ধরন : সরকারি
- ডিপ্লোমা সনদ প্রদানকারী প্রতিষ্ঠান : বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
- টেকনোলজি সমূহ : ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং (৪ বছর)

  ১) আর্কিটেকচার টেকনোলজি

  ২) ইলেকট্রনিক্স টেকনোলজি

  ৩) কম্পিউটার সাইন্স এন্ড টেকনোলজি

  ডিপ্লোমা ইন টেক্সটাইল (৪ বছর)

  ১) এ্যাপারেল ম্যানুফেকচারিং টেকনোলজি

# অধ্যক্ষগণের কার্যকাল

| ক্রমিক নম্বর | নাম | পদবী | কার্যকাল |
|---|---|---|---|
| ১ | মোঃ মাহফুজুর রহমান চোধুরী | অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) | ২৪/০৫/২০০৫-০৯/১০/২০০৫ |
| ২ | মোহাম্মদ জহিরুল ইসলাম | অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) | ০৯/১০/২০০৫-১৭/১০/২০০৭ |
| ৩ | মোঃ আনোয়ার হোসেন | অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) | ১৭/১০/২০০৭-২২/১০/২০০৯ |
| ৪ | আব্দুল মালেক | অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) | ২২/১০/২০০৯-৩১/১০/২০১২ |
| ৫ | মোহাম্মদ জাহাঙ্গীর আলম | অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) | ০১/১১/২০১২-২৬/১১/২০১২ |
| ৬ | মোহাম্মদ রিহান উদ্দিন | অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) | ২৭/১১/২০১২-২৮/০১/২০১৫ |
| ৭ | আশুতোষ নাথ | অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) | ২৯/০১/২০১৫-১৬/১১/২০১৫ |
| ৮ | সুনীল চন্দ্র চোধুরী | অধ্যক্ষ | ১৬/১১/২০১৫-০২/০৩/২০২২ |
| ৯ | মোঃ মোবারক হোসেন | অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) | ১৯/০৪/২০২২-১০/০৮/২০২২ |
| ১০ | মোঃ মোসাদ্দেকুল বারী | অধ্যক্ষ (অতিরিক্ত দায়িত্ব) | ১০/০৮/২০২২- |

## ইনস্টিটিউট এর মোট জনবলঃ
### ক. শিক্ষক-কর্মকর্তা

| ক্র:নং | পদের নাম | গ্রেড | সৃষ্ট পদ | পূরণকৃত পদ | শূন্য পদ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | অধ্যক্ষ | ৪র্থ | ১ | ০ | ১ | |
| ২ | উপাধ্যক্ষ | ৫ম | ২ | ২ | ০ | |
| ৩ | চিফ ইনস্ট্রাক্টর(টেক) | ৬ষ্ঠ | ৮ | ২ | ৬ | |
| ৪ | চিফ ইনস্ট্রাক্টর(নন-টেক) | ৬ষ্ঠ | ২ | ১ | ১ | |
| ৫ | ইনস্ট্রাক্টর(টেক) | ৯ম | ২৪ | ৭ | ১৭ | |
| ৬ | ওয়ার্কশপ সুপার | ৯ম | ০ | ১ | ০ | |
| ৭ | ইনস্ট্রাক্টর(নন-টেক) | ৯ম | ১২ | ৭ | ৫ | |
| ৮ | জুনিয়র ইনস্ট্রাক্টর(টেক) | ১০ম | ২৪ | ১ | ২৩ | |
| ৯ | জুনিয়র ইনস্ট্রাক্টর(নন-টেক) | ১০ম | ১২ | ৯ | ৩ | |
| ১০ | ফিজিক্যাল এডুকেশন ইনস্ট্রাক্টর | ১০ম | ১ | ১ | ০ | |
| ১১ | টেকনিক্যাল স্টাফ পদ | ১৩-১৭ তম | ৮০ | ২৪ | ৫৬ | ৮ জন সংযুক্তিতে অন্যান্য প্রতিষ্ঠানে কর্মরত |
| | উপ-মোট= | | ১৬৬ | ৫৫ | ১১২ | |

## (খ) প্রশাসনিক ও অন্যান্য স্টাফ পদঃ

| ক্রঃ নং | পদের নাম | গ্রেড | সৃষ্ট পদ | পূরণকৃত পদ | শূন্য পদ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | লাইব্রেরিয়ান | ৯ম | ১ | ১ | ০ | |
| ২ | রেজিস্ট্রার | ১১ তম | ১ | ১ | ০ | সংযুক্তিতে সাতক্ষীরা পলিটেকনিক ইনস্টিটিউটে কর্মরত |
| ৩ | প্রধান সহকারী | ১৩ তম | ১ | ১ | ০ | |
| ৪ | ক্যাশিয়ার/কোষাধ্যক্ষ | ১৪ তম | ১ | ১ | ০ | |
| ৫ | একাউটেডেন্ট/হিসাবরক্ষক | ১৪ তম | ১ | ০ | ১ | |
| ৬ | স্টোরকিপার | ১৪ তম | ১ | ০ | ১ | |
| ৭ | কেয়ার টেকার | ১৪ তম | ১ | ০ | ১ | |
| ৮ | ইলেকট্রিশিয়ান-কাম-পাম্প অপারেটর | ১৪ তম | ১ | ০ | ১ | |
| ৯ | ডাটা প্রসেসর | ১৫ তম | ১ | ০ | ১ | |
| ১০ | ক্যাশ সরকার | ১৮ তম | ১ | ১ | ০ | |
| ১১ | বুক সর্টার | ২০ তম | ১ | ০ | ১ | |
| ১২ | নিরাপত্তা প্রহরী | ২০ তম | ২ | ১ | ১ | |
| ১৩ | পরিচ্ছন্নতা কর্মী (মেশিন ক্লিনার) | ২০ তম | ৫ | ৩ | ২ | সংযুক্তিতে ঢাকা মহিলা পলিটেকনিক ইনস্টিটিউটে কর্মরত |
| ১৪ | পরিচ্ছন্নতা কর্মী (সুইপার) | ২০ তম | ২ | ০ | ২ | |
| | | উপ-মোট= | ২০ | ০৯ | ১১ | |

**সর্বমোট পদ-১৮৬, পূরনকৃত পদ-৬৪, শূন্যপদ-১২৩**

**টেকনোলজি ভিত্তিক শিক্ষার্থী তথ্যঃ**

প্রতিষ্ঠানে প্রতি টেকনোলজিতে দুই শিফটে মোট আসন সংখ্যা ৪০০টি।

| টেকনোলজি | সেশন | | | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| | ২০১৯-২০ | ২০২০-২১ | ২০২১-২২ | ২০২২-২৩ | ২০২৩-২৪ | |
| **কম্পিউটার** | ৬৯ | ৮৬ | ৮৫ | ৯২ | ৮২ | **২৪-২৫ সেশনে ভর্তি কার্যক্রম চলমান** |
| **ইলেক্ট্রনিক্স** | ১৬ | ৩৩ | ১৫ | ৭৪ | ৬৯ | |
| **আর্কিটেকচার** | ৪০ | ৫১ | ৪২ | ৯৩ | ৭৮ | |
| **অ্যাপারেল মেনুফেকচারিং** | ৫২ | ৭০ | ৩৪ | ৭৮ | ৬৯ | |
| **মোট** | ১৭৭ | ২৪০ | ১৭৬ | ৩৩৭ | ২৯৮ | |

## প্রতিষ্ঠানের স্থাবর-অস্থাবর সম্পদের তালিকাঃ

| ক্রমঃ | বিবরণ | সংখ্যা/পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|
| 1. | প্রতিষ্ঠানের জমির পরিমাণ | ৩.৬৫ একর | |
| 2. | একাডেমিক ভবন ৫তলা | ০১টি | |
| 3. | প্রশাসনিক ভবন ৪তলা | ০১টি | |
| 4. | ল্যাব/ওয়ার্কশপ ৩তলা | ০২টি | |
| 5. | ছাত্রী হোস্টেল ৪তলা | ০১টি | |
| 6. | ছাত্রী হোস্টেল ৫তলা | ০১টি | |
| 7. | স্টাফ কোয়ার্টার ২ তলা | ০১টি | |
| ৮. | অধ্যক্ষ কোয়ার্টার ও হোস্টেল সুপার কোয়ার্টার ২তলা | ০১টি | |
| ৯. | সাব-স্টেশন ১তলা | ০১টি | |
| ১০. | গার্ডিয়ান শেড ১তলা | ০১টি | |
| ১১. | শহিদ মিনার | ০১টি | |
| ১২. | গার্ড শেড | ০১টি | |

# সিটিজেন চার্টার

এই প্রতিষ্ঠান কী কী সেবা দিয়ে থাকে তার একটি তালিকা মুলফটকে টাঙানো আছে।



**ওয়েব সাইটঃ**

প্রতিষ্ঠানের একটি ওয়েব সাইট আছে। যার ঠিকানা হলোঃ www.cmpi.polytech.gov.bd । এতে প্রকাশযোগ্য তথ্য যথাসময়ে প্রকাশ এবং হালনাগাদ করা হয়।

**ছাত্রীদের জন্য বিভিন্ন সেবা প্রদানঃ**

**০১. নোটিশবোর্ডঃ**

প্রতিষ্ঠানের ফটক সংলগ্ন নোটিশবোর্ড টানানো রয়েছে। যাতে পরীক্ষাসহ অন্যান্য প্রয়োজনীয় তথ্য শিক্ষার্থীরা সহজে পায়।

**02.ফাস্ট এইডঃ**

যেকোন দুর্ঘটনায় প্রাথমিক চিকিৎসা সেবা প্রদান করা হয়।

**০৩. ক্যান্টিনঃ**

অত্র প্রতিষ্ঠানে নাস্তা ও খাবারের জন্য একটি ক্যান্টিন রয়েছে। এতে শিক্ষক, শিক্ষার্থীদের জন্য পৃথক বসার ব্যবস্থা রয়েছে।

**০৪. গার্ডিয়ান সেডঃ**

অপেক্ষমান অবিভাবকদের জন্য গার্ডিয়ান সেড আছে।

**০৫. অজু খানাঃ**

ছাত্রীদের জন্য অজু করার ব্যবস্থা করা হয়।

**বিভিন্ন কমিটিঃ**

শিক্ষক, কর্মকতা- কর্মচারী ও ছাত্রীদের নিয়ে সমন্বিত কার্যকরী কমিটি গঠন করা হয় যা সামাজিক দায়বদ্ধতা সৃষ্টিতে সহায়ক ভূমিকা রাখে। সততা ক্লাব, শুদ্ধাচার কমিটি, জঙ্গিবাদ বিষয়ক সচেতনতা কমিটি, ছাত্রী কাউন্সিলিং কমিটি, কমিউনিটি পুলিশিং, তথ্য অধিকার কমিটি, অভিযোগ প্রতিকার কমিটি, সেবা প্রদান ও প্রতিশ্রুতি বাস্তবায়ন কমিটি ইত্যাদি।

**সততা স্টোরঃ**

"সততার চর্চা ও নিজেদের মধ্যে লালন" এই উদ্দেশ্যকে বাস্তবায়নের জন্য সততা স্টোর গঠন করা হয়। এই সততা স্টোরের শুরুতে সম্পূর্ন অর্থায়ন (২১০০০/-) শিক্ষক, কর্মকতা- কর্মচারী বহন করে। পরবর্তীতে দুর্নীতি দমন কমিশন (দুদক) আমাদের এই সততা স্টোরের জন্য ১৬০০০/- +৮৮০০/- = ২৪৮০০/- টাকা প্রদান করে। সততা স্টোর পরিচালনার জন্য একটি কমিটি আছে । এই কমিটির প্রধান হলেন জনাব ফিরোজ, ইন্সট্রাক্টর (ননটেক), বাংলা।

**ল্যাব ও ক্লাস মনিটরিংঃ**

প্রতি সেমিস্টারের শুরুতে ক্লাস মনিটরিং কমিটি গঠন করা হয়।
তাছাড়া ল্যাব, ক্লাস ও সম্পূর্ন ক্যাম্পাস সিসি টিভি মনিটরিং এর আওতাভুক্ত।

**বায়োমেট্রিক হাজিরাঃ**

শিক্ষক, কর্মকতা-কর্মচারীদের সঠিক সময়ে আগমন ও প্রস্থান নিশ্চিতকরনে বায়োমেট্রিক হাজিরা নেওয়া হয়।

**জব প্লেসমেন্ট সেলঃ**

কোর্স সম্পন্নকারী ছাত্রীদের বায়োডাটা সংগ্রহ করা হয়। বিভিন্ন ইন্ডাষ্ট্রির প্রয়োজন মাফিক ছাত্রীদের বায়োডাটা প্রদান করে চাকরি প্রদানে সহযোগিতা প্রদান করা হয়।

**ইন্ডাস্ট্রি ইনস্টিটিউট লিংক্কেজঃ**

চাকরি প্রদানে সহযোগিতা প্রদান, ব্যবহারিক র'ম্যাটারিয়ালস প্রদান, প্রযুক্তিগত জ্ঞান শেয়ার ইত্যাদি বিষয় জোরদার করার লক্ষে এই উদ্যোগ গ্রহন করা হয়। তাছাড়া ইন্ডাস্ট্রির সাথে MOU করা হয়।

**সুপেয় পানির ব্যবস্থাঃ**

চট্টগ্রাম মহানগরীতে খনিজ পানির লবণাক্ততা একটি বড় সমস্যা। অত্র প্রতিষ্ঠানে ও হোস্টেলগুলোতে ওয়াসার পানি সরবরাহ না থাকায় বিভিন্ন ফিল্টার স্থাপন করে ছাত্রীদের সুপেয় পানির ব্যবস্থা করা হয়েছে।

**পর্ব ভিত্তিক গাইড টিচার মনোনয়নঃ**

প্রতিটি ছাত্রীদের তথ্য সংরক্ষণ ও অভিভাবকদের সাথে যোগযোগ রক্ষা করার জন্য নির্ধারিত শিক্ষক দায়িত্ব পালন করেন।

**কাউন্সিলিংঃ**

অত্র প্রতিষ্ঠানের সকল ছাত্রীদের সতর্কতা, সাবধানতা, নৈতিকতা সহ নানা বিষয়ে সম্যক ধারণা দেওয়ার জন্য শিক্ষার্থীদের নিতমিত কাউন্সেলিং করা হয়।

**অভিযোগ বক্সঃ**

অত্র প্রতিষ্ঠানের প্রাপ্ত অভিযোগ অধ্যক্ষ নিষ্পত্তি করেন।

**চীন সরকার কর্তৃক শিক্ষাবৃত্তি প্রদানঃ**

চীন সরকার ডিপ্লোমায় অধ্যয়নরত ছাত্রীদের আবেদনের প্রেক্ষিতে চীনের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে পড়াশুনার সুযোগ করে থাকে।

**প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য বিশেষ ব্যবস্থাঃ**

প্রতিষ্ঠানে আসা-যাওয়া সহজতর করার জন্য প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য বিশেষ ব্যবস্থা রাখা হয়েছে। হোস্টেলে সিট পাওয়ার ব্যাপারে তাদের অগ্রাধিকার দেওয়া এবং আলাদা ভাবে তদারকি করা হয়।

**সেবামূলক প্রতিষ্ঠানের সাথে সংযুক্তিঃ**

দেশীয় ও আর্ন্তজাতিক সেবামূলক প্রতিষ্ঠান যেমনঃ রেড ক্রিসেন্ট, রোভার স্কাউট, রক্তদান ক্লাব ইত্যাদির সাথে অনেক শিক্ষার্থী জড়িত।
গালর্স গাইড এর দায়িত্ব প্রাপ্ত শিক্ষক মোঃ শাহজাহান সিরাজ, নিশিতা মজুমদার।
রেডক্রিসেন্ট এর দায়িত্ব প্রাপ্ত শিক্ষক মোঃ শাহজাহান সিরাজ, সালেহা আনোয়ার।

**সহ-পাঠক্রম কর্মসূচীঃ**

শিক্ষার্থীরা পড়াশুনার পাশাপাশি বিভিন্ন সাংস্কৃতিক কর্মকান্ড, উপস্থিত বক্তৃতা, বিতর্ক, রচনা, আবৃত্তি, বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। এ ব্যাপারে প্রতিষ্ঠান সর্বদা তাদেরকে অনুপ্রানিত করে। প্রতিষ্ঠান পরিচ্ছন্নতায় ও সামাজিক দায়বদ্ধতায় ছাত্রী-শিক্ষক সমন্বয়ে বিভিন্ন কর্মকান্ডে সম্পৃক্ত করার ব্যাপারে প্রতিষ্ঠান নানা উদ্যোগ গ্রহণ করে।

**শব্দসংক্ষেপ**

| **শব্দসংক্ষেপ** | **বিবরণ** |
|---|---|
| কাশিঅ | কারিগরি শিক্ষা অধিদপ্তর |
| বাকাশিবো | বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড |
| টিএমইডি | টেকনিক্যাল এন্ড মাদ্রাসা এডুকেশন ডিপার্টমেন্ট |
| টিটিটিসি | টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ |
| এনএসডিসি | ন্যাশনাল স্কিলস ডেভলপমেন্ট কাউন্সিল |
| আইসিটি | ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি |
| সিবিটি | কম্পিটেন্সি বেইজড ট্রেনিং |
| ইইডি | এডুকেশন ইঞ্জিনিয়ারিং ডিপার্টমেন্ট |
| টিভিইটি | টেকনিক্যাল এন্ড  ভোকেশনাল এডুকেশন এন্ড ট্রেনিং |
| টিএসসি | টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ |
| ভিটিটিআই | ভোকেশনাল টিচার্স ট্রেনিং ইনস্টিটিউট |
| ইসি | ইঞ্জিনিয়ারিং কলেজ |
| এনটিভিকিউএফ | ন্যাশনাল টেকনিক্যাল এন্ড ভোকেশনাল কোয়ালিফিকেশন ফ্রেম ওর্য়াক |
| পিএসসি | প্রজেক্ট স্টিয়ারিং কমিটি |
| পিআইসি | প্রজেক্ট ইমপ্লিমেন্টেশন কমিটি |
| ডিটিই | ডিরেক্টরিয়েট অব টেকনিক্যাল এডুকেশন |
| বিএনকিউএফ | বাংলাদেশ ন্যাশনাল কোয়ালিফিকেশন ফ্রেমওয়ার্ক |

# কর্মসম্পাদনের সার্বিক চিত্র

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**
**সাম্প্রতিক বছরসমূহরে (৩বছর) প্রধান অর্জন সমূহ:**
**অবকাঠামোগত উন্নয়ন:** ০৫টি ওয়ার্কসপ/ল্যাব সংস্কার, প্রতিষ্ঠানে দুইটি সাবমার্সেবল পাম্প স্থাপন, নতুন ছাত্রী নিবাস নির্মাণ, অধ্যক্ষ ভবন, কর্মচারী কোয়ার্টার সংস্কার, একাডেমিক ও প্রশাসনিক ভবনের চারপাশে দরজা-জানালা সংস্কার, ০২টি ল্যাব সংস্কার, ইবাদত খানা, আবাসন, লাইব্রেরি ও অডিটোরিয়াম সংস্কার, প্রতিষ্ঠান সিসি ক্যামেরার আওতাধীন, সততা স্টোর, ছাত্রীদের জন্য পৃথক নামাজের স্থান তৈরী, প্রশাসনিক ভবনের সামনে হতে কর্মচারী কোয়ার্টার পর্যন্ত রাস্তা সংস্কার, হোস্টেলে সুপেয় পানির ব্যবস্থা করণ।

**দক্ষতা, প্রশিক্ষণ উন্নয়ন ও পলিসি এর বাস্তবায়নঃ** শিক্ষার্থীদের পাশের হার বৃদ্ধি, জব ফেয়ারের মাধ্যমে গ্র্যাজুয়েটদের চাকরির ব্যবস্থা করা, বিগত দুই বছরে ২০৩০ জন কারিগরি শিক্ষার্থীদের বৃত্তি প্রদান, বিশেষ চাহিদা সম্পন্ন শিক্ষার্থীদের জন্য সুবিধা বৃদ্ধি, ওয়েব সাইট হলনাগাদকরণ, শিল্প প্রতিষ্ঠানের সাথে সমঝোতা চুক্তি স্বাক্ষর, গার্লস গাইড ও রেড ক্রিসেন্ট দলের সক্ষমতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণ প্রদান, ইন্টারনেটের সক্ষমতা বৃদ্ধি, ইন-হাউজ ট্রেনিং ও বিভিন্ন সেমিনার আয়োজন।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**
কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষার উন্নয়নে সংস্কার সাধন প্রয়োজন। চতুর্থ শিল্প বিপ্লব মোকাবিলায় প্রয়োজনীয় দক্ষতা অর্জনে শিক্ষা ও প্রশিক্ষণের গুণগত মান উন্নয়ন, পাবলিক-প্রাইভেট পার্টনারশীপ কার্যক্রম জোরদারকরণ, শ্রমবাজার তথ্য হালনাগাদকরণ, পরিবর্তনশীল প্রযুক্তির সাথে বৈদেশিক চাহিদার ভিত্তিতে নতুন নতুন টেকনোলজি চালুকরণ, কারিগরি শিক্ষায় নারী বান্ধব আবাসনের ব্যবস্থাকরণ, যাতায়াত সমস্যা দূরীকরণ। ছাত্রীদের ড্রপ আউট নিরসনের ব্যবস্থা গ্রহণ। IoT কার্যকর করার জন্য উচ্চ গতির ইন্টারনেট সেবা নিশ্চিতকরণ। পরিবর্তনশীল শ্রমবাজারে কোন্ টেকনোলজিতে কত সংখ্যক এবং কোন্ লেভেলের দক্ষতা সম্পন্ন জনবল প্রয়োজন তার সঠিক চাহিদা জানা এবং উক্ত চাহিদা পূরণে সমন্বিত পরিকল্পনা প্রণয়ন। শিক্ষক ও ক্রাফট ইনস্ট্রাক্টরদের দক্ষতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণের ব্যবস্থা করা।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**
অবকাঠামোগত উন্নয়ন: গার্ডিয়ান সেড উর্ধ্বমূখী ২য় তলা পর্যন্ত সম্প্রসারণ, একাডেমিক ভবনের দুপার্শ্বে ৫মতলা পর্যন্ত উর্ধ্বমূখী সম্প্রসারণ, পাম্প অপারেটরের কক্ষ মেরামত, শিক্ষক/কর্মচারীদের আবাসনের ব্যবস্থা উন্নতকরণ, অধিদপ্তর থেকে প্রাপ্ত তথ্যমতে ১০তলা বিশিষ্ট একাডেমিক ভবন নির্মাণ, প্রতিষ্ঠানের ভিতরে ড্রেনেজ ব্যবস্থা উন্নতকরণ, প্রতিষ্ঠানের অভ্যন্তরে রাস্তা সংস্কারকরণ, গ্যাস সংযোগের ব্যবস্থাকরণ, রেস্ট হাউজ নির্মাণ, তিনতলা বিশিষ্ট ক্লাস/ ল্যাব বিল্ডিং (দুই পার্শ্বে) উর্দ্ধমুখী সম্প্রসারণ। ল্যাবের যন্ত্রপাতি আধুনিকিকরণ, ছাত্রীদের ডিজিটাল হাজিরা ব্যবস্থা করা, লাইব্রেরি কক্ষ, শ্রেণিকক্ষ ও শিক্ষক কর্মচারিদের কক্ষ আধুনিকায়ণ। ২০৩০ সালের মধ্যে এসডিজি বাস্তবায়ন, শিক্ষাক্রমে প্রবিধান ও পাঠ্যসূচি দেশ-বিদেশের চাহিদানুসারে পরিমার্জন ও পরিবর্তনে সহায়তা প্রদান, প্রতিষ্ঠানের সাথে শিল্প কারখানার সম্পর্ক উন্নয়ন, RPL ও বেসিক কোর্স পরিচালনায় সহযোগিতা প্রদান।

**২০২৪-২৫ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

মাল্টিমিডিয়া শ্রেণীকক্ষ ও ল্যাব আধুনিকায়ন এবং স্মার্ট সভা/সেমিনার কক্ষ নির্মাণ।
ল্যাব, ওয়ার্কসপ সমূহে মেরামত যোগ্য গুরুত্বপূর্ণ মেশিনারীজ চালুকরণ ।
জাতীয় দিবস, অভ্যন্তরীন সাংস্কৃতিক এবং ক্রীড়া প্রতিযোগিতা আয়োজন।
ছাত্রীদের বাস্তব প্রশিক্ষণ এর মাধ্যমে শিল্প উদ্যোক্তাদের সাথে সম্পর্ক উন্নয়ন এবং সমঝোতা স্মারক সম্পাদন।
শিক্ষক কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান ।
নারী/ বিশেষ চাহিদা সম্পন্ন শিক্ষার্থীদের বিশেষ সুবিধা বৃদ্ধি।
কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষার ভাবমূর্তির উন্নয়ন ও প্রসারের লক্ষ্যে প্রচার-প্রচারণা।

## রূপকল্প, অভিলক্ষ্য, কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি

**১.১ রূপকল্প (ভিশন)**: যুগোপযোগী কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা ও প্রশিক্ষণ, দক্ষ মানব সম্পদ উন্নয়ন, কর্মসংস্থান, জীবন যাত্রার মানোন্নয়ন, শিল্পের বিকাশ এবং অর্থনৈতিক সমৃদ্ধি অর্জন।

**১.২ অভিলক্ষ্য (মিশন)**: মানসম্পন্ন কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা ও NTVQF প্রশিক্ষণ নিশ্চিত করার লক্ষ্যে প্রয়োজনীয় নীতি ও কর্মসূচী প্রণয়ন, আদর্শমান নির্ধারণ, পরিবীক্ষণ ও মূল্যায়ন।

**১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র**

১.৩.১ মানসম্মত কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা বিস্তারের লক্ষ্যে সুযোগ সুবিধা এবং প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি।
১.৩.২ কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা ও প্রশিক্ষণের মানোন্নয়ন।
১.৩.৩ কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষায় প্রশাসনিক কার্যক্রম ও মনিটরিং জোরদারকরণ।
১.৩.৪ দেশীয় ও আন্তর্জাতিক শ্রমবাজারের উপযোগী মানবিক মূল্যবোধ সম্পন্ন দক্ষ মানব সম্পদ তৈরী ।

**সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র**

১. সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রম জোরদারকরণ।

**১.৪ কার্যাবলিঃ**

১. ডিপ্লোমা-ইন- ইঞ্জিনিয়ারিং ও টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কোর্সের ভর্তি কার্যক্রম ও রেজিস্ট্রেশন সম্পাদন।

২. শিক্ষক-কর্মচারির জ্ঞান, দক্ষতা ও দৃষ্টিভঙ্গির উন্নয়ন ঘটানো।

৩. স্থানীয় ও আন্তর্জাতিক শ্রমবাজারের চাহিদা অনুযায়ী প্রশিক্ষণ পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়ন করা।

৪. ছাত্রীদের কো-কারিকুলাম এক্টিভিটিজ সম্পাদন।

৫. জেন্ডার সমতা বিধানকল্পে কারিগরি শিক্ষায় মহিলাদের উৎসাহিত করতে পরিবেশ সৃষ্টি এবং শিক্ষা প্রতিষ্ঠানের সুযোগ-সুবিধা বৃদ্ধি।

৬. দেশের ডিপ্লোমা-ইন- ইঞ্জিনিয়ারিং এবং বেসিক কোর্সের প্রশিক্ষণ পরিচালনায় সরকারের শীর্ষ সংস্থা হিসেবে কারিগরি শিক্ষা অধিদপ্তর আঞ্চলিক ও আন্তর্জাতিক সংস্থার সাথে (UNESCO, ILO, EC, ADB, JICA ইত্যাদি) সমন্বিত যোগাযোগ ও প্রতিনিধিত্ব করণ।

৭. প্রতিষ্ঠানে বিভিন্ন শিল্প কারখানার উপযোগী ইমার্জিং টেকনোলজি চালুকরণ।

৮. সেমিনার, সিম্পোজিয়াম ও ওয়ার্কশপসহ বিভিন্ন প্রকার কার্যক্রমের মাধ্যমে শিল্প কারখানা এবং ইনস্টিটিউটের মধ্যে সম্পর্ক বৃদ্ধিকরণ।

৯. বিভিন্ন জাতীয়দিবস উদযাপন, সামাজিক কর্মকান্ড রক্তদান ও বৃক্ষরোপন কর্মসূচী পালনে অংশগ্রহন।

১০. প্রতিষ্ঠানের পরিচ্ছন্নতা ও নিরাপত্তা এবং সৌন্দর্য বৃদ্ধি অব্যাহত রাখা ।

১১. ছাত্রীদের নিয়মিত গাইডিং ও কাউন্সিলিং এর ব্যবস্থা গ্রহন করা।

১২. রাজস্বখাত এবং স্থানীয়ভাবে প্রাপ্ত বাজেটের ব্যবহার নিশ্চিত করা।

১৩. নিয়মিত ইন্টারনাল মনিটরিং ও অডিট নিশ্চিত করা।

১৪. স্থানীয় গণ্যমান্য ব্যক্তিগণের সাথে যোগাযোগ রাখা এবং প্রতি বছর অভিভাবক দিবস পালন করা।

১৫. অধিদপ্তর নির্দেশিত কোয়ালিটি ম্যানুয়াল অনুসরন করা।

১৬. পরীক্ষার প্রশ্নপত্রের নিরাপত্তা নিশ্চিত করা।

১৭. জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন নিশ্চিতকরণ।

১৮. ই-ফাইলিং চালুকরণ।

১৯. প্রতিষ্ঠানকে অটোমেশনের আওতায় আনায়ন।

২০. প্রতিষ্ঠানকে ডিজিটালাইজড করা।

২১. তথ্য অধিকার নিশ্চিতকরণ।

# ২০২৩-২৪ অর্থ বছরে বিভিন্ন কার্যক্রমের ছবিঃ

**৩[২.২.১] অংশিজনের সমন্বয়ে সন্ত্রাস, জঙ্গীবাদ ও সাম্প্রদায়িকতা বিরোধী মতবিনিময় সভা**
তারিখ: ১১/০৯/২০২৩, স্থান: অডিটোরিয়াম, চ.ম.প.ই.






**৩[২.২.১] মাদক, সন্ত্রাস, জঙ্গীবাদ ও সাম্প্রদায়িকতা বিরোধী উদ্বুদ্ধকরণ সভা**
প্রধান আলোচক: জনাব মুকুল জ্যোতি চাকমা, উপ পরিচালক, মাদক দ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, চট্টগ্রাম মেট্রো(দক্ষিণ)।
তারিখ: ১৮/০৯/২০২৩, স্থান: অডিটোরিয়াম, চ.ম.প.ই.






**[৩.২.১] সুশাসন প্রতিষ্ঠায় অংশিজনের সমন্বয়ে মত বিনিময় সভা**
প্রধান অতিথি: জনাব আবু মমতাজ সাদ উদ্দিন আহমেদ, প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)
তারিখ: ২৮/০৭/২০২৩, স্থান: অডিটোরিয়াম, চ.ম.প.ই.





৪[১.৪] কর্মপরিবেশ উন্নয়ন







৩[১.৩.১] বিশেষ চাহিদা সম্পন্ন শিক্ষার্থীদের জন্য সুযোগ সুবিধা বৃদ্ধি






৬[২.১.১] অভিযোগ প্রতিকার ব্যবস্থা এবং জিআরএস সফটওয়্যার বিষয়ব আলোচনা সভা, ২১ নভেম্বর ২০২৩ খ্রি.





৭ [২.১.১] সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন বিষয়ে নিজ দপ্তরের কর্মকর্তা-কর্মচারীদের সমন্বয়ে অবহিতকরণ সভা, ২১ নভেম্বর ২০২৩ খ্রি.





৮ [২.২.১] তথ্য অধিকার বিষয়ে জনসচেতনতা বৃদ্ধিকরণ বিষয়ক মতবিনিময় সভা, ২১ নভেম্বর ২০২৩ খ্রি.




৫[৬.১.১] স্মার্ট বাংলাদেশ স্মার্ট শিক্ষা বিষয়ক সেমিনার, ২৭ নভেম্বর ২০২৩





ক্রীড়া ও সাংস্কৃতিক অনুষ্ঠান ২০২৩, তারিখ: ০৫/১০/২০২৩, স্থান: অডিটোরিয়াম




বিশ্ব শিক্ষক দিবস ২০২৩, তারিখ: ০৫/১০/২০২৩, স্থান: অডিটোরিয়াম





বিষয়: শুদ্ধাচার বিষয়ক মতবিনিময় সভা, তারিখ: ২১/১২/২০২৩খ্রি., স্থান: কনফারেন্স কক্ষ






৩ [২.১.১] বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা'২৪, তারিখ: ০৪/০৩/২০২৪ খ্রি. হতে ০৭/০৩/ ২০২৪ খ্রি.





৩[২.৫.১] ১৮ জানুয়ারী ২০২৪ খ্রি. তারিখ হতে ২০ জানুয়ারী ২০২৪ তারিখ বিসএসিএস আই আর কর্তৃক আয়োজিত বিসএসিএস আই আর বিজ্ঞান ও শিল্প প্রযুক্তি মেলা-২০২৪" এ অংশগ্রহণ





৩[২.৫.১] বিজ্ঞান মেলায় অংশগ্রহণ: ১৬ ফেব্রুয়ারী ২০২৪ খ্রি. তারিখ নাসিরাবাদ সরকারি উচ্চ বিদ্যালয়ে (বালক) মাইজভাণ্ডারী একাডেমি কর্তৃক আয়োজিত ''দেলা ময়না বিজ্ঞান মেলা-২০২৪" অনুষ্ঠিত মেলায় চট্টগ্রাম মহিলা পলিটেকনিক ইনস্টিটিউট হতে অংশ গ্রহণ করেন কম্পিউটার সায়েন্স অ্যান্ড টেকনোলজির ৭ম পর্বের শিক্ষার্থী রুপালী বেগম রুপী, রোল-৫৯০৫৭১, ১ম শিফট এবং নুসরাত জাহান নিপা, রোল-৫৯০৫৫৩, ১ম শিফট। মেলায় প্রজেক্টটি গ-বিভাগ (কলেজ সেকশন) এ ১ম স্থান অধিকার করে।

প্রজেক্টের নাম: **"IoT Based Patient Health Monitoring with Database System (পালস অক্সিমিটার)** ।





**আহসানুল করিম**
জুনিয়র ইনস্ট্রাক্টর ( নন-টেক), বস্থাপনা
ও
সদস্য, তথ্য অধিকার বিষয়ক কমিটি
(২০২৪-২৫)

**এ কে এম মুকিবুল হাসান**
ইনস্ট্রাক্টর (টেক), বিভাগীয় প্রধান,
এএমটি ও
আহবায়ক, তথ্য অধিকার বিষয়ক কমিটি
(২০২৪-২৫)

**মোঃ মোসাদ্দেকুল বারী**
অধ্যক্ষ (অতিরিক্ত দায়িত্ব)
চট্টগ্রাম মহিলা পলিটেকনিক
ইনস্টিটিউট।

# সমাপ্ত